দৈনিক ইনকিলাব

MAY 1 3 2002

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৬

# ডিগ্রী পাস কোর্স থেকে ইসলামিক স্টাডিজ বাদ দেয়া হলে ছাত্রসমাজ তা বরদাশত করবে না

## –ইসলামী ছাত্র পরিষদ

**প্রেস বিজ্ঞপ্তি :** গতকাল বাংলাদেশ ইসলামী ছাত্র পরিষদ (আইসিপি)'র কেন্দ্রীয় সভাপতি হাফেজ গোলাম মোস্তফা, সাধারণ সম্পাদক এস এম আবু তাহের ও সাংগঠনিক সম্পাদক হাঃ মোঃ বেলাল হোসাইন ভূঁইয়া এক বিবৃতিতে ডিগ্রী পাস কোর্স থেকে ইসলামিক স্টাডিজ বাদ দেয়ায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের উর্ধতন কর্মকর্তাদের প্রতি ক্ষোভ, সমালোচনা ও তীব্র প্রতিবাদ জানিয়ে বলেন, সংখ্যাগরিষ্ঠ মুসলমানদের বাংলাদেশে ডিগ্রী পাস কোর্স থেকে ইসলামিক স্টাডিজ বাদ দেয়া হলে ছাত্রসমাজ তা বরদাশত করবে না। কারণ, যেদেশে শতকরা ৯০ ভাগ মুসলমানদের আবাসস্থল সেদেশে উচিত ছিল ইসলামী শিক্ষা বিষয়ে আরও গুরুত্ব বৃদ্ধি করার পদক্ষেপ গ্রহণ করা। কিন্তু তা না করে বরং পূর্বের নীল নকশা অনুযায়ী ইসলামী শিক্ষা বিষয় কমিয়ে ইসলামী মূল্যবোধকে চিরতরে নির্মূল করার জন্য বাস্তবে যে পদক্ষেপ গ্রহণ করেছে তা জাতির জানতে বাকি নেই।